

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।
www.dls.gov.bd



নং-৩৩.০১.০০০০.১১০.০২.০১২.১২- ৫৮৪
প্রাপক,
কাজী বলবলিফার্মস লিঃ
(খামারের স্থান : প্রধানগাছ, তেতুলিয়া পঞ্চগড়.)।

তারিখঃ ২৬/০৭/২০২০ ইং


বিষয় : **USA হতে একদিন বয়সী Indian River Meat Grand Parent Stock** ব্রয়লার জাতের মোট= ১১,৬০৭ টি মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রসঙ্গে।

সূত্র কাজী বলবলিফার্মস লিঃ এর ২১/০৭/২০২০ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে USA হতে একদিন বয়সী Indian River Meat Grand Parent Stock ব্রয়লার জাতের ১১,৬০৭ (এগার হাজার ছয়শত সাত) টি মুরগির বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ২৬/১০/২০২০ ইং তারিখের মধ্যে আমদানীর অনুমতি প্রদান করা হ'ল।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত গ্র্যারেভ প্যারেন্ট ষ্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/রাজধানী কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এ প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল গ্র্যারেভ প্যারেন্ট বিমান যোগে আমদানী করতে হবে এবং এই আমদানীর মেয়াদ আগামী ২৬/১০/২০২০ ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ৫। বাচ্চা আমদানীর পর খামারের অহুগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি'র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায় দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানী অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



(ডাঃ পল্লব কুমার দত্ত)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

Tel. 880-02-9115936

E-mail: adtraining.dls@gmail.com

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
- ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইলঃ-০১৯৭০-৫০৬৮২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :-

১. সচিব মহোদয়ের একাডেমি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

